সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

দশম শ্রেণি

প্রাক-নির্বাচনি পরীক্ষা ২০১৮

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনি) বিষয় কোড : ১১১

সময় : ৩০মিনিট পূর্ণমান : ৩০

[বি: দ্র: সরবরাকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। রাসুল (সা:) এর দায়িত্বকে কী বলে?
ক) নবুয়ত খ) শরিয়ত গ) রিসালাত ঘ) মা'রেফাত

২। কোন নবির উপর বেশি সহিফা অবতীর্ণ হয়?
ক) হযরত শিস (আ.) খ) হযরত আদম (আ.)
গ) হযরত ইদরিস (আ.) ঘ) হযরত ইবরাহিম (আ.)

৩। নিজেকে শিক্ষক হিসেবে পরিচয় দিয়েছেন কে?
ক) হযরত মুসা (আ.) খ) হযরত আলী (রা.)
গ) হযরত আবু বকর (রা.) ঘ) মহানবি হযরত মুহম্মাদ (সা.)

৪। 'আল-হিকমা' (الحكمة) শব্দের অর্থ কী?
ক) উপদেশ খ) বিজ্ঞান গ) জ্ঞান ঘ) সত্য

৫। পবিত্র কুরআন কাদের জন্য পথ প্রদর্শক?
ক) জ্ঞানী খ) মুমিন গ) মুত্তাকি ঘ) দানশীল

৬। মিতব্যয়িতা বলতে বুঝায়-
i) অপচয় না করা ii) কৃপণতা না করা iii) বিলাসিতা না করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

৭। সর্বোত্তম কাজ কোনটি?
ক) সদুপদেশ দেওয়া খ) আমানত রক্ষা করা
গ) আল্লাহকে স্মরণ করা ঘ) সৎ ভাবে ব্যবসা করা

৮। উচ্চারণে সহজ কিন্তু হাশরের পাল্লায় খুবই ভারী একটি বাক্য হল-
ক) আল্লাহু আকবর খ) সুবহানাল্লাহিল আযিম
গ) আলহামদুলিল্লাহ ঘ) লা ইলাহা ইল্লাল্লাহ

৯। সকল নবি-রাসুলের দীনের মৌলিক কাঠামো ছিল-
ক) পরিপূর্ণ খ) আধুনিক
গ) এক ও অভিন্ন ঘ) একই বিধি বিধান যুক্ত

অনুচ্ছেদটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাওঃ
শিহাব ব্যবসায়ের ক্ষেত্রে সর্বদা সততা বজায় রাখে, দ্রব্যের দোষত্রুটি গোপন করে না। আর তার পাশের দোকানদার হাসু মিয়া ওজনে কম দেয় ও খারাপ দ্রব্য ভাল বলে বিক্রি করে।

১০। হাসু মিয়ার কাজটিকে এক কথায় বলা হয়-
ক) নিফাক খ) আত্মসাৎ গ) কাজ্জাব ঘ) প্রতারণা

১১। পরকালে ব্যবসায়ী শিহাব-
i) শহিদগণের সঙ্গী হবেন ii) নবিদের মর্যাদা লাভ করবেন
iii) জান্নাতে প্রবেশ করবেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২। যে সমাজে 'আমর বিল মা'রুফ ও নাহি আনিল মুনকার' নেই সে সমাজে বজায় থাকে না-
ক) শান্তি ও শৃঙ্খলা খ) শান্তি ও ন্যায় বিচার
গ) সৎ ও ন্যায়ের প্রসার ঘ) ন্যায় বিচার ও নিরাপত্তা

১৩। জিহাদ ও সন্ত্রাসবাদের পার্থক্য হলো-
i) ফলাফল অর্জনে ii) পদ্ধতিগত ভাবে
iii) উদ্দেশ্যের দিক থেকে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪। আল্লামা ওয়াকি (রহ.) ছাত্রের কোন বৈশিষ্ট্যের কথা বলেছেন?
ক) শিক্ষকের কথা শোনা খ) নিয়মিত ক্লাসে যাওয়া
গ) ছাত্রছাত্রীদের কল্যাণ করা ঘ) সকল পাপকাজ বর্জন করা

১৫। ছাত্র-শিক্ষকের সম্পর্ক পুত্র-পিতার সম্পর্কের সাথে তুলনীয় কোন দিক থেকে?
ক) স্নেহ ও শ্রদ্ধা খ) ভৃত্য ও মুনিব
গ) জ্ঞান ও উত্তরাধিকার ঘ) শিক্ষা ও জ্ঞান দান

১৬। কে আরবি ব্যাকরণে শ্রেষ্ঠ পন্ডিত ছিলেন?
ক) হযরত আলি (রা.) খ) হযরত আয়েশা (রা.)
গ) হযরত ওমর (রা.) ঘ) হযরত ওসমান (রা.)

১৭। কখন দেহ বেশি ভালো কাজ করে?
ক) ভালো খাবার পেলে খ) কালব সৎ কাজের নির্দেশ দিলে
গ) অঙ্গ-প্রত্যঙ্গগুলো সতেজ থাকলে
ঘ) দেহের সাথে আত্মার যোগাযোগ থাকলে

১৮। মিয়ানমার সরকার অন্যায়ভাবে রোহিঙ্গাদের হত্যা ও জুলুম করছে। পাঠ্যবইয়ের আলোকে এটি-
ক) যুদ্ধ-বিগ্রহ খ) সন্ত্রাসবাদ গ) জঙ্গিদমন ঘ) অমানবিক কাজ

১৯। ব্যয় করার ক্ষেত্রে ব্যক্তির বুদ্ধিমত্তার লক্ষণ কোনটি?
ক) কৃপণতা করা খ) বেশি বেশি ব্যয় করা
গ) মধ্যপন্থা অনুসরণ করা ঘ) হাতে টাকা রেখে ব্যয় করা

২০। তাযকিয়ায়ে নাফস বা আত্মশুদ্ধির প্রধান উপায় হলো-
ক) নিজ চরিত্র সংশোধন করা খ) সদা সৎ কাজ ও চিন্তা করা
গ) ক্বালবের সংশোধন ও যিকির করা
ঘ) কুঅভ্যাস ও খারাপ কাজ ত্যাগ করা

২১। বনি ইসরাইলের মধ্যে যারা কুফরি করেছিল তাদেরকে অভিশাপ দেওয়া হয়েছে-
i) দাউদ (আ.) এর মুখ দিয়ে ii) ঈসা (আ.) এর মুখ দিয়ে
iii) মুসা (আ.) এর মুখ দিয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২। আল্লাহর আপনজন কারা?
ক) রাসুলগণ খ) ফিরিশতারা গ) সকলসৃষ্টি ঘ) মু'মিন-মুত্তাকিগণ

২৩। নবি-রাসুলদের অনুসারী মু'মিনদের সফলতা ও সম্মানের মূল চাবিকাঠি কী ছিল?
ক) গভীর জীবন দর্শন খ) নৈতিকতার অনুসরণ
গ) সুন্দর জীবন গঠনে আগ্রহ ঘ) ইসলামের দাওয়াতি কাজ

অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাওঃ
বড়কর্তা অফিসে না থাকলে জুনিয়র অফিসার আয়নাল সাহেব তার (বড়কর্তার) তোঁতলামির অভিনয় করে অফিসে হাস্যরসের সৃষ্টি করেন।

২৪। আয়নাল সাহেব এর কাজটিকে বলা যায়-
ক) গিবত খ) অপবাদ গ) প্রতারণা ঘ) সমালোচনা

২৫। উক্ত কাজের সমপর্যায়ের কিছু কাজহলো-
i) জাত-বংশ নিয়ে ঠাট্টা করা
ii) অঙ্গভঙ্গির মাধ্যমে ঠাট্টা করা
iii) ঐ রূপ সমালোচনা শোনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬। কোন যুদ্ধে বিশেষ অবদানের জন্য হযরত আলী (রা.) কে আসাদুল্লাহ উপাধি দেয়া হয়?
ক) বদর খ) উহুদ গ) খন্দক ঘ) খায়বার

২৭। ইমাম বুখারি (রহ.) এর মূল নাম কী?
ক) আহমদ খ) মুহাম্মদ গ) ইবরাহিম ঘ) ইসমাইল

২৮। নীতি- নৈতিকতার পরিপূর্ণ দিক- নির্দেশনা রয়েছে-
ক) পবিত্র ইনযিলে খ) পবিত্র তাওরাতে
গ) পবিত্র আল-কুরআনে ঘ) আসমানি কিতাব সমূহে

২৯। 'আল-কানুন ফিত-তিবব' গ্রন্থটিকে চিকিৎসা শাস্ত্রের বাইবেল বলার কারণ-
i) এর সমপর্যায়ের কোন গ্রন্থ আজ পর্যন্ত দেখা যায় না
ii) এতে বসন্ত ও হাম রোগের অব্যর্থ চিকিৎসা পদ্ধতি আছে
iii) এতে রয়েছে চিকিৎসা সম্বন্ধে যাবতীয় তথ্যের সমাবেশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০। কাকে 'হুজ্জাতুল ইসলাম' নামে অভিহিত করা হয়?
ক) ইমাম আবু হানিফা (রহ.) খ) ইমাম বুখারি (রহ.)
গ) ইমাম গাযালি (রহ.) ঘ) ইমাম জাফর (রহ.)

সেট : গ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

দশম শ্রেণি

প্রাক-নির্বাচনি পরীক্ষা ২০১৮

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল) বিষয় কোড : ১১১

সময় : ২ ঘণ্টা ৩০মি: পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. একদিন মসজিদের ইমাম সাহেব বললেন, যাঁরা আমাদেরকে মহান আল্লাহ তা'য়ালার পরিচয়, আখিরাত, ইবাদত ও ধর্মীয় বিধি-বিধান শিক্ষা দিয়েছেন, যুগে-যুগে মানবজাতিকে কল্যাণের পথ দেখিয়েছেন তাঁদেরকে বিশ্বাস করলেই মানুষ মু'মিন হয়। একথা শুনে ইমরানের আব্বু বললেন, "আমাদের মধ্যে যারা ঐ মহান পুরুষদের বিশ্বাস করে তারা পরস্পর ভাই ভাই, বিপদে আপদে একে-অপরকে সাহায্য করে আর সাহায্যকারী ব্যক্তির প্রয়োজন আল্লাহ পূরণ করে দেন।"

ক. আসমানি কিতাব কাকে বলে? ১
খ. শেষ আসমানি গ্রন্থকে কুরআন বলা হয় কেন? ২
গ. ইমাম সাহেবের বক্তব্যে কোন বিষয়ে বিশ্বাসের কথা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমরানের আব্বু যে সম্পর্কিত হাদিস বর্ণনা করেছেন তা চিহ্নিত করে ঐ হাদিসের আলোকে একজন মুসলিমের কর্তব্য বিশ্লেষণ কর। ৪

২. দাদু তামিমকে বললেন, আল্লাহ আমাদেরকে সঠিক পথে পরিচালনার জন্য কিছু কিছু গ্রন্থ দুনিয়াতে পাঠিয়েছেন। তার মধ্য থেকে একটি গ্রন্থ দ্বারা আমরা পূর্ববর্তী গ্রন্থসমূহ ও সে সবের আলোচ্য বিষয় সম্পর্কে জানতে পারি। দাদুর কথা শেষ না হতেই তামিম বলল, "গত ক্লাসে আমাদের ধর্ম স্যার বলেছিলেন, মু'মিনের জন্য সুখও কল্যাণকর এবং দুঃখও কল্যাণকর অর্থ্যাৎ মু'মিন সুখ ও দুঃখ উভয় অবস্থায় সওয়াব লাভ করতে পারে। আমি স্যারকে প্রশ্ন করলাম, সুখের অবস্থাতো কল্যাণকর-ই হয় কিন্তু দুঃখ কি ভাবে কল্যাণকর হয়? অতঃপর স্যার বিষয়টি খুলে বললেন।

ক. সকল নবির প্রচারিত দীনের মূলকথা কী? ১
খ. নবুয়তের ধারা বলতে কী বুঝায়? ২
গ. ধর্ম স্যার কোন বিষয় সম্পর্কিত হাদিস ক্লাসে পড়াচ্ছিলেন? বুঝিয়ে লেখ। ৩
ঘ. দাদুর বক্তব্যে ফুটে উঠা গ্রন্থটি চিহ্নিত করে তার চারটি বৈশিষ্ট্য বর্ণনা কর। ৪

৩. শীতের ভোরে লেপ ছেড়ে উঠে ঠান্ডা পানি দিয়ে ওজু করতে আবু তালহার খুব কষ্ট হয়। তাই প্রায়ই ফজর সালাত আদায় করে না। বিষয়টা শুনে মসজিদের ইমামসাহেব তাকে এক প্রকার জিহাদ করার পরামর্শ দিলেন। তার আব্বু পৃথিবীর সবচাইতে সম্মানিত পেশায় কর্মরত। তিনি বাস্তব জীবনেও শ্রেষ্ঠ আদর্শগুলো লালন করেন।

ক. খতমে নবুয়তের মূলকথা কী? ১
খ. "আমাকে শিক্ষক হিসাবে প্রেরণ করা হয়েছে।"- ব্যাখ্যা কর। ২
গ. আবু তালহার পিতা কোন পেশায় কর্মরত? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবু তালহাকে ইমাম সাহেব যে প্রকার জিহাদ করার পরামর্শ দিয়েছেন তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৪. সেলিম সাহেব সৎ ও মানবিক গুণ সম্পন্ন একজন উচ্চ শিক্ষিত ব্যক্তি। গতবছর তিনি পি.এইচ-ডি (ডক্টরেট ডিগ্রি) লাভ করেছেন। আবার ব্যবহারিক জীবনেও তিনি অমায়িক মানুষ, সততা, সদাচারের অনুসরণ ছাড়া কখনও কারো কষ্ট দেননি। অপরদিকে তাঁর পুত্র শিহাব ডাক্তারি পাশ করে এলাকার হাসপাতালে চাকুরি করেন। চেম্বারে রোগী দেখার সময় তার এক প্রবীণ শিক্ষককে দেখতে পেয়ে দাঁড়িয়ে তাঁকে সালাম দেন এবং কুশলাদি বিনিময় করেন। শিহাবের বন্ধু রফিক বিষয়টি লক্ষ্য করে বলল, তুমি সঠিক কাজটিই করেছ।

ক. শিক্ষার্থী কারা? ১
খ. শিক্ষার্থীদেরকে প্রহার বা তাদের প্রতি নির্মমতা প্রদর্শন না করার ব্যাপারে রাসুল (সা.) এর শিক্ষা ব্যাখ্যা কর। ২
গ. সেলিম সাহেবের শিক্ষার সাথে কোন বিষয়টি অবিচ্ছেদ্যভাবে জড়িত? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিহাবের কাজটি পাঠ্য বইয়ের আলোকে চিহ্নিত কর এবং রফিকের মন্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫. আনিস সাহেব বলেন, কিছু গ্রন্থ আছে যা সকল জ্ঞান-বিজ্ঞানের উৎস। যার মাধ্যমে আমরা সৃষ্টিজগৎ, মানবসৃষ্টি, পরকাল ইত্যাদি বিষয় সম্পর্কে জানতে পারি ও নিজেদেরকে আদর্শবান হিসাবে গড়ে তুলতে পারি। তার বন্ধু কালাম সাহেব নিজ পুত্র হিমেলকে বললেন, আদর্শ মানুষ হওয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় হল তোমার যদি দুটো কলমের দরকার থাকে তবে তুমি দুটি কলমই ব্যবহার করবে; একটি কিংবা তিন-চারটি নয়।

ক. ফতোয়া কী? ১
খ. ছাত্র-শিক্ষক সম্পর্ক পিতা-পুত্রের সম্পর্কের মতো কিভাবে? বুঝিয়ে লেখ। ২
গ. কালাম সাহেব হিমেলকে কোন বিষয়ে উপদেশ দিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আনিস সাহেবের বক্তব্যের বিষয়টি চিহ্নিত কর এবং উহা কিভাবে মানুষকে নৈতিক শিক্ষা দিতে পারে তা- বিশ্লেষণ কর। ৪

৬. আসলাম ও আসগরের মধ্যে শ্রেষ্ঠ মানুষ সম্পর্কে কথা হচ্ছিল। আসলাম বলল, মানুষের মধ্যে শ্রেষ্ঠ কে? বলতে পারো? আসগর প্রসঙ্গ বদলিয়ে বলল, ইসলামের একজন খলিফা যিনি হাদিস, তাফসির, আরবি সাহিত্যে তাঁর যুগে সেরা ব্যক্তি ছিলেন। তাঁর আদর্শ অনুসরণ করলেও বড় হওয়া যাবে।

ক. নৈতিকতা কাকে বলে? ১
খ. জিহাদের সাথে সন্ত্রাসবাদের কোন সম্পর্কই নেই- কথাটি ব্যাখ্যা কর। ২
গ. আসগরের বক্তব্যে কোন খলিফার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আসলামের প্রশ্নের উত্তর তোমার পাঠ্য বইয়ের যে হাদিসে পাওয়া যায় তা চিহ্নিত করে তা ব্যাখ্যা কর। ৪

স্থানীয় মসজিদের ইমাম সাহেব জুমআর খুৎবা পূর্ব বক্তব্যে বলেন, ইসলামের ইতিহাসে এমন মহান ব্যক্তি আছেন যিনি ছিলেন অগাধ

৭. স্মৃতিশক্তির অধিকারী । কেহ তার সামনে কোন হাদিস ভুল করলে তিনি তা শুদ্ধ করে দিতেন। হাদিস শিক্ষা গ্রহণে তাঁর ৯০ হাজারের বেশি ছাত্র ছিলেন। অন্য একদিন স্থানীয় মুফতি হাবিবুর রহমান ফিকাহ শাস্ত্রের উদ্ভাবক সম্পর্কে আলোচনায় বলেন, তিনি ৪০জন ছাত্রের সমন্বয়ে ফিকাহ সম্পাদনা বোর্ড গঠন করে কঠিন মাসয়ালার সহজ সমাধান করেন।

ক. মিতব্যয়িতা কী? ১

খ. ইসলামি জীবন ব্যবস্থায় নৈতিকতার গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. ইমাম সাহেব কোন মহান ব্যক্তি সম্পর্কে বলেছেন? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. মুফতি হাবিবুর রহমান যাঁর সম্পর্কে বলেছেন তাঁর গুণাবলি বর্ণনা কর। ৪

৮. বিভিন্ন ধরনের বিনোদন, অনলাইন ব্যস্ততার কারণে রনি হায়দার বেশি পড়ালেখার সময় পায় না। তবে পরীক্ষার হলে পরের খাতা দেখে ও শুনে নিজ উত্তরপত্রে প্রশ্নের উত্তর লিখে নম্বর বৃদ্ধি করে ভালো ফলাফল করে। বিষয়টি শুনে হেডস্যার তাকে ডেকে এরূপ করার ক্ষতিকর দিক সম্পর্কে বুঝালেন এবং ভবিষ্যতে ঐরূপ কাজ করা থেকে বিরত থাকতে নির্দেশ দেন।

ক. আত্মশুদ্ধি কী? ১

খ. মিতব্যয়িতার গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. হাদিস বিশারদদের মতে হেডস্যারের কাজটি কোন ধরনের নাহি আনিল মুনকার? বুঝিয়ে লেখ। ৩

ঘ. পাঠ্য বইয়ের আলোকে রনি হায়দারের কাজটি চিহ্নিতপূর্বক উহা বর্জনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯. একদিন নিজ বাসায় কথা প্রসঙ্গে আবিদ তার আম্মুকে বলল, মল্লিক পাড়ার সেরা ধনী কলিম চাচা খুবই কৃপণ। ভিক্ষা চাইলেও একটা টাকা তার পকেট থেকে বের হয় না। আবার পোষাক-পরিচ্ছদেও তার ফকিরি-ফকিরি ভাব। আম্মু বললেন, ওরকম কথা বলতে হয় না। জানো "তাঁর বড় ভাই তপু মিয়া একজন নাম করা ব্যক্তি। তিনি ব্যবসা করেন সততার সাথে। কাউকে ঠকান না। মালেও ভেজাল মেশান না।"

ক. আমর বিল মা'রুফ কী? ১

খ. রসূলুল্লাহ (সা.) কে মানবতার মহান শিক্ষক হিসেবে বিবেচনা করা হয় কেন? ২

গ. আবিদ এর বক্তব্যে আখলাকে যামিমার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তপু মিয়ার কর্মকান্ড চিহ্নিত পূর্বক তার পরিণতি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০. জনাব রফিক চেয়ারম্যান নির্বাচিত হয়ে সপ্তাহের একদিন তাঁর এলাকার জনসাধারণের জন্য তাঁর বিরুদ্ধে অভিযোগ করার ব্যবস্থা করেন। জনসাধারণের অবস্থা স্বচক্ষে দেখার জন্য তিনি রাতের অন্ধকারে পাড়া-মহল্লায় ঘুরে বেড়াতেন। আর তাঁর বন্ধু শফিক সাহেব এলাকার সম্পদশালী ব্যক্তি। গত রমযান মাসে তাঁর এলাকার মসজিদে মুসল্লিদের স্থান সংকুলান না হওয়ায় ব্যক্তিগত খরচে মসজিদ সম্প্রসারণ করেন। আল্লাহ যেমন তাঁকে সম্পদ দান করেছেন তেমনই তিনি (শফিক সাহেব) তা আল্লাহর পথে ব্যয় করেন।

ক. সুফফা কী? ১

খ. ইমাম বুখারি বুখারায় বেশিদিন থাকতে পারেননি কেন? ২

গ. শফিক সাহেবের কর্মে যে খলিফার বৈশিষ্ট্যের মিল পাওয়া যায় তা-ব্যাখ্যা কর। ৩

ঘ. রফিক সাহেবের বৈশিষ্ট্যে যে খলিফার চরিত্রের সাদৃশ্য আছে তাঁর চরিত্রিক দিকগুলো বিশ্লেষণ কর। ৪

১১. ছলিমুদ্দীন তার প্রতিবেশীদের প্রতি শত্রুতা পোষণ করেন। তাদের ভাল দেখতে পারে না। কোন দিক থেকে কেউ তার উপরে উঠলে (উন্নত হলে) তার পিত্ত জ্বলে। ছলিমুদ্দীন এর আচার-আচরণ দেখে তার বন্ধু মাওলানা ইলিয়াছ বিষয়টি বুঝতে পারলেন। মাওলানা সাহেব তাকে বললেন এর মধ্যে কোন কল্যাণ নেই বরং আত্মা কলুষিত হয়ে যাচ্ছে। আল্লাহর পুরস্কার লাভের জন্য নিজেকে শুধরে নিতে হবে।

ক. গিবত কী? ১

খ. প্রতারণা দ্বারা দুটো পাপ হয়- বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. ছলিমুদ্দীনের কর্মকান্ড কোন ধরনের আখলাক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইলিয়াছ সাহেবের দেখানো সংশোধনের পথটি চিহ্নিত করে ছলিমুদ্দীনের সংশোধনের উপায় বর্ণনা কর । ৪